

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 07-02-2026**  
**Time: 07:35-07:40 PM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভারতের ডিজিটাল এবং ফিনটেক ইকোসিস্টেম সম্প্রসারিত হওয়ার সাথে সাথে, আরও ব্যাপক আর্থিক অন্তর্ভুক্তি, প্রযুক্তির দায়িত্বশীল ব্যবহার এবং মহিলাদের বৃহত্তর অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন। গতকাল ভুবনেশ্বরে 'ব্ল্যাক সোয়ান সামিট'-এ ভাষণ দিয়ে রাষ্ট্রপতি বলেন, ভারতের ফিনটেক যাত্রা কেবল উদ্ভাবনের জন্যই নয়, অন্তর্ভুক্তি এবং লিঙ্গ সময়ের জন্যও মনে রাখা উচিত।

ডিজিটাল পাবলিক অবকাঠামোর প্রভাব তুলে ধরে রাষ্ট্রপতি সাইবার হুমকির বিরুদ্ধে সতর্ক করেন এবং ডিজিটাল সাক্ষরতা ও নীতিগত প্রযুক্তি গ্রহণের প্রয়োজনীয়তার উপর জোর দেন।

\*\*\*\*\*

**Pariksha Pe Charcha :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল 'পরীক্ষা পে চর্চা'-র নবম সংস্করণে শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি পরীক্ষার সময় মানসিক চাপ ও উদ্বেগ কীভাবে কাটিয়ে ওঠা যায়, সে বিষয়ে শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। আলোচনাকালে প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের নিজেদের স্বতন্ত্র শেখার ধরন বা পদ্ধতির ওপর আস্থা রাখতে পরামর্শ দেন। প্রত্যেক শিক্ষার্থীরই আলাদা শৈলী রয়েছে এবং নিজের প্রস্তুতির ধরণ-এর ওপর পূর্ণ বিশ্বাস রাখা গুরুত্বপূর্ণ। তিনি উল্লেখ করেন, শিক্ষার্থীদের শিক্ষক, অভিভাবক এবং পরামর্শদাতাদের দেওয়া পরামর্শ শুনতে হবে, এবং তারপর তা নিজের মতো করে প্রয়োগ করতে হবে।

### #####Byte-PM#####

এদিকে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল বেরিমুডা দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ে এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বড়দোয়ালী উচ্চতর-মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'পরীক্ষা পে চর্চা'র ভারুয়াল অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

\*\*\*\*\*

### GBMRI :

আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালে আগামী ৯ই ফেব্রুয়ারি থেকে দিনরাত ২৪ ঘন্টা এম.আর.আই পরিষেবা পাওয়া যাবে। জিবি হাসপাতালের মেডিকেল সুপার ডা: বিধান গোস্বামী এ খবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### Saras Mela-Khowai :

ত্রিপুরা রুবাল লাইভলিহুড মিশন ও গ্রাম উন্নয়ন দপ্তরের উদ্যোগে সুভাষ পার্ক এলাকায় তিনদিন ব্যাপী খোয়াই জেলাভিত্তিক তৃতীয় সরস মেলা গতকাল শেষ হয়েছে। অনুষ্ঠানে খোয়াই জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় বলেন সরস মেলার মূল উদ্দেশ্য হচ্ছে নারী সশক্তিকরণ। এতে প্রতিটি পরিবার আত্মনির্ভর ও স্বরোজগারী হয়ে উঠছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক নির্মল বিশ্বাস, খোয়াই জেলার জেলাশাসক রজত পন্ড প্রমুখ।

\*\*\*\*\*

### PMAY-G :

কেন্দ্র সরকার প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পের অধীনে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে তিন কোটি ৮৭ লক্ষেরও বেশি বাড়ি অনুমোদন করেছে। গতকাল রাজ্যসভায় এক লিখিত জবাবে, গ্রামীণ উন্নয়ন প্রতিমন্ত্রী

ডঃ চন্দ্র শেখর পেম্মাসানি জানিয়েছেন অনুমোদিত বাড়িগুলির মধ্যে, এ মাসের ২ তারিখ পর্যন্ত দুই কোটি ৯৫ লক্ষেরও বেশি বাড়ির অনুমোদন দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

#### **Launches Welfare Schemes :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল তাঁর জম্মু ও কাশ্মীর সফরের দুই দিনের কর্মসূচির সূচনা হিসেবে কাঠুয়া জেলার আন্তর্জাতিক সীমান্ত বরাবর হিরানগর সেক্টরের এলাকাগুলি পরিদর্শন করেন। স্বরাষ্ট্রমন্ত্রী সীমান্ত সুরক্ষা বাহিনীর কর্মীদের জন্য কল্যাণমূলক প্রকল্প চালু করেন এবং সীমান্তে কর্মরত বিএসএফ জওয়ানদের সঙ্গে মতবিনিময়ও করেন। সীমান্ত ব্যবস্থাপনার ওপর বাড়তি নজরদারি, অনুপ্রবেশ অস্ত্র ও মাদক পাচার ঠেকানোর উদ্যোগ এবং সন্ত্রাসবিরোধী অভিযানের তীব্রতা বৃদ্ধির প্রেক্ষাপটেই তাঁর এই সফর।

\*\*\*\*\*

#### **Budget-Santana Chakma :**

রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, কেন্দ্রীয় সরকারের ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়ন ও জনকল্যাণে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। পরিকাঠামো উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি এবং কৃষি খাতের অগ্রগতিকে অগ্রাধিকার দিয়ে সড়ক, রেল ও বিমান যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে পর্যাপ্ত অর্থের সংস্থান রাখা হয়েছে।

তিনি আরও বলেন, বাজেটে নারীর ক্ষমতায়ন, সামাজিক সুরক্ষা প্রকল্পের সম্প্রসারণ, স্বনির্ভর গোষ্ঠীর আর্থিক সহায়তা এবং দরিদ্র ও প্রান্তিক মানুষের কল্যাণে বিভিন্ন কর্মসূচির ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে।

\*\*\*\*\*

#### **Arshiya :**

উত্তর পূর্বের প্রথম দাবাড়ু হিসেবে মহিলা আন্তর্জাতিক মাস্টার্সের খেতাব অর্থাৎ WIM নর্ম পেলো রাজ্যের সোনার মেয়ে অর্শিয়া দাস। সার্বিয়াতে

আন্তর্জাতিক দাবা প্রতিযোগিতায় অংশ নিয়ে অর্শিয়া এই নর্ম পায় এবং একইসঙ্গে মহিলা গ্র্যান্ড মাস্টার্সের প্রথম নর্ম স্পর্শ করে। এই টুর্নামেন্টে অর্শিয়ার আন্তর্জাতিক রেটিং ২৩০০ অতিক্রম করে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*